দৈনিক ইনকিলাব

০৮/১১/২০০১

তারিখ ... ... ...
পৃষ্ঠা ৫ ... কলাম ... ৩ ...

# উৎসবমুখর ইউকসুর নির্বাচন

৬ নভেম্বর মঙ্গলবার বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এ ইউকসু নির্বাচন অনুষ্ঠিত হয়। ইউকসু নির্বাচন উপলক্ষে নির্বাচনের ৪/৫ দিন পূর্বে থেকেই বুয়েটের ক্যাম্পাসে ছিল,আনন্দের আমেজ। ৩০ তারিখ পলাশীর মোরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের দ্বিতীয়বর্ষের ছাত্রী চমন আরা পারভীনের মৃত্যুর পর থেকে বখশিবাজার থেকে পলাশীর মোড় পর্যন্ত সব রকমের গাড়ি চলাচল বন্ধ করে দেয়া হয়। ফলে নির্বাচনের মাঝেও বুয়েটের ক্যাম্পাসে গাড়ী না চললেও তারুণ্যের উদ্দীপনায় নির্বাচনী প্রচারে মুখরিত ছিল বুয়েট। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ২ তারিখ অডিটোরিয়ামের সামনে নগর বাউল ব্যান্ড দলকে সঙ্গীত পরিবেশনের জন্য আনলে ক্যাম্পাসে তারুণ্যের উচ্ছ্বাস বয়ে যায়। রাত ৯টা থেকে ১২টা পর্যন্ত জেমস সঙ্গীত পরিবেশন করে। ৩ তারিখ বাংলাদেশ ছাত্রলীগ আয়োজন করে মাইলস ও অর্থহীনকে নিয়ে ব্যান্ডসঙ্গীত। অডিটোরিয়ামের সামনে রাতে অর্থহীনের সঙ্গীত পরিবেশনের পর ব্যান্ড দল মাইলস পরিবেশন করে ধিকিধিকি আগুন জ্বলে, ফিরিয়ে দাও আমার প্রেম, পলাশীর প্রান্তরে, জ্বালা জ্বালা, স্বপ্নীল, Its my life. ৫ তারিখ ছিল নির্বাচন উপলক্ষে বুয়েটে ক্লাস বন্ধ। এ উপলক্ষে ছাত্ররা খেলে ক্রিকেট। ইউকসুর নির্বাচন উপলক্ষে বুয়েটের ক্যাম্পাস নির্বাচনী পোস্টারে সয়লাব হয়ে যায়। তবে পোস্টারগুলো বেশীর ভাগ ক্ষেত্রেই দেয়ালে না লাগিয়ে রশি দিয়ে হলগুলোসহ বুয়েট ক্যাম্পাসের বিভিন্ন স্থানে টানানো হয়। নির্বাচনী প্রার্থীরা ছাত্রদের কাছে গিয়ে ভোট চায়। ইউকসু নির্বাচনে কেন্দ্রীয়সহ ৭টি হলের অভ্যন্তরীণ নির্বাচন সম্পন্ন হয়। সোহরাওয়ার্দী হল, এম এ রশীদ হল, শেরে বাংলা হল, তিতুমীর হল, আহসান উল্লাহ হল, শহীদ স্মৃতি হল, নজরুল হল এবং ছাত্রী হলের নির্বাচনে সকল ছাত্রের আচরণ ছিল সৌহার্দ্যপূর্ণ। নির্বাচনে আবাসিক সকল ছাত্রছাত্রীরা ভোট দিলেও অনাবাসিক ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল কম। ইউকসুর কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল ৩টি, ছাত্রলীগ ২টি, ছাত্রফ্রন্ট ও ছাত্র ইউনিয়ন ১টি করে পদ পায়। ছাত্রদলের পক্ষে নির্বাচিতরা হলেন- মোঃ গোলাম মোর্শেদ লায়ন (ভিপি), হাসিব মোস্তাবসির হাসিব (জিএস) ও মোহাম্মদ ইসমাইল হোসেন ইমন (আপ্যায়ন সম্পাদক), ছাত্রলীগের পক্ষে বিজয়ী হন নুরুল হাসান উল্লাস (এজিএস) এবং এনাম আহমেদ সাগর (ক্রীড়া সম্পাদক), এছাড়া ছাত্রফ্রন্টের জোহরা আক্তার পপি (সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক) এবং ছাত্র ইউনিয়নের তাবাসসুম মাহযাবীন মুমু (বার্ষিকী সম্পাদক) নির্বাচিত হয়। সকাল ৮টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। ভোটারদের ভোটকেন্দ্র ছিল নিজ নিজ হল। অনেক আশঙ্কার পরও সুষ্ঠুভাবে সম্পন্ন হল ইউকসুর নির্বাচন।

☐ ফেরদৌস ভুঁইয়া